

ফিলেমেনের কাছে পত্র

১ খ্রীষ্টযীশুর এক বন্দি এই আমি পল, এবং ভাই তিমথি, আমাদের প্রিয় সহকর্মী ফিলেমেনের সমীপে, ২ আমাদের বোন আপ্লিয়া ও আমাদের সংগ্রামের সঙ্গী আর্থিম্বাসের সমীপে, এবং, হে ফিলেমেন, তোমার বাড়িতে যে জনমণ্ডলী সমবেত হয়, তাদের সকলের সমীপে : ৩ আমাদের পিতা ঈশ্বর ও প্রভু যীশুখ্রীষ্ট থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের উপর বর্ষিত হোক।

৪ আমি যখন প্রার্থনা করি, তখন তোমার নাম স্মরণ করে আমার ঈশ্বরকে অবিরত ধন্যবাদ জানাই, ৫ কারণ আমি শুনতে পাই প্রভু যীশুর প্রতি ও সকল পবিত্রজনের প্রতি তোমার ভালবাসা ও বিশ্বাসের কথা। ৬ বিশ্বাসে তোমার সহভাগিতা কার্যকর হোক : তাই খ্রীষ্টের পক্ষে আমরা যে সমস্ত সংকাজ সাধন করতে পারি, তা তুমি জ্ঞাত কর। ৭ তোমার ভালবাসায় আমি যথেষ্ট আনন্দ ও আশ্বাস পেয়েছি, কারণ, হে ভাই, তুমিই পবিত্রজনের প্রাণ জুড়িয়ে দিয়েছ।

৮ সুতরাং, তোমার যা করণীয়, সে বিষয়ে তোমাকে আদেশ দেওয়ার মত যদিও খ্রীষ্টে আমার সম্পূর্ণ সাহস আছে, ৯ তবু আমি ভালবাসার খাতিরেই বরং তোমাকে মিনতি করছি—আমি যে অবস্থায় আছি, এই বৃদ্ধ পল, এখন আবার খ্রীষ্টযীশুর বন্দি—^{১০} আমি আমার নিজের সন্তানের বিষয়ে, এই শেকলাবদ্ধ অবস্থায় যাকে জন্ম দিয়েছি, সেই অনেসিমেরই বিষয়ে তোমাকে মিনতি করছি। ^{১১} সে আগে তোমার কোন উপকারে ছিল না, কিন্তু এখন তোমার ও আমার দু'জনেরই উপকারী। ^{১২} তাকে, অর্থাৎ আমার সেই প্রাণের প্রাণ, তোমার কাছে ফিরে পাঠালাম। ^{১৩} আমি তাকে নিজের কাছে রাখতে চাচ্ছিলাম, যেন সুসমাচারের কারণে আমার এই শেকলাবদ্ধ অবস্থায় সে তোমার হয়ে আমার সেবা করে। ^{১৪} কিন্তু তোমার সম্মতি ছাড়া আমি কিছু করতে চাইলাম না, তুমি যে মঙ্গলকর কাজ করতে যাচ্ছ, তা যেন বাধ্য হয়ে নয়, স্ব-ইচ্ছায়ই কর। ^{১৫} হয় তো তাকে এই কারণেই কিছু কালের মত তোমার কাছ থেকে পৃথক করে রাখা হল, যেন তুমি চিরকালের মত তাকে ফিরে পেতে পার, ^{১৬} আর ক্রীতদাসের মত নয়, কিন্তু ক্রীতদাসের চেয়ে শ্রেয়তর পর্যায়ে, অর্থাৎ কিনা প্রিয় ভাইয়ের মত, বিশেষভাবে আমারই প্রিয়জন, কিন্তু মানুষ হিসাবে ও প্রভুতে ভাই হিসাবে উভয় ক্ষেত্রে তোমারই কাছে বেশি প্রিয়জন। ^{১৭} তাই যদি আমাকে বিশেষ সম্পর্কের পাত্র মনে কর, তবে তাকে আমারই মত বলে গ্রহণ কর। ^{১৮} আর সে যদি তোমার প্রতি কোন অন্যায় করে থাকে, কিংবা তার যদি তোমার কাছে কোন ঋণ থাকে, তা আমার দেনা বলে ধরে নাও ; ^{১৯} আমি পল নিজেরই হাতে একথা লিখছি ; আমিই তা শোধ করে দেব—অবশ্য আমি আমার কাছে তোমারই ঋণের কথা এখন উল্লেখ করছি না, আর সেই অনুসারে আমার কাছে তোমার সেই ঋণ তুমি নিজেই। ^{২০} সুতরাং, ভাই, প্রভুতে তোমার কাছ থেকে আমি যেন এই উপকার পেতে পারি ; খ্রীষ্টে আমার প্রাণ জুড়িয়ে দাও !

^{২১} তোমার বাধ্যতায় পূর্ণ ভরসা রেখেই আমি তোমাকে লিখলাম ; আমি জানি, আমি যা বললাম, তুমি তার চেয়েও বেশি করবে। ^{২২} আর একটা কথা, আমার জন্য একটা ঘরের ব্যবস্থা কর, কারণ আশা করি, তোমাদের প্রার্থনার মধ্য দিয়ে আমাকে তোমাদের হাতে ফিরিয়ে দেওয়া হবে।

^{২৩} খ্রীষ্টযীশুতে আমার সহ-কারাবন্দি এপাফ্রাস তোমাকে প্রীতি-শুভেচ্ছা জানাচ্ছে ; ^{২৪} আমার সহকর্মীরা সেই মার্ক, আরিস্তার্খাস, দেমাস ও লুকও জানাচ্ছেন।

^{২৫} প্রভু যীশুখ্রীষ্টের অনুগ্রহ তোমাদের আত্মার সঙ্গে থাকুক। আমেন।